গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা

তারিখ ঃ১৮/০৯/২০১৬

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৬ সালের বি.এ/বি.এস.এস/ বি.বি.এস/ বি.এসসি ১ম বর্ষ অনার্স (নিয়মিত/অনিয়মিত/গ্রেড উন্নয়ন) পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছুক পরীক্ষার্থী ছাত্রীদেরকে নিম্নের বর্ণিত তারিখ অনুযায়ী দাখিল ফরম পূরণ ও ফিসের টাকা জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

২) বিভাগে ফরম পূরণ ও শিওর ক্যাশ এজেন্টের মাধ্যমে নির্ধারিত ফিসের টাকা জমা দেয়ার সময়সূচী :

| তারিখ | সময় | নির্ধারিত বিষয় /বিভাগের নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ১৯/০৯/১৬ | সকাল ১০:০০টা থেকে ১:৩০টা পর্যন্ত | বাংলা, ইংরেজি, ইস:ইতিহাস, উদ্ভিদবিজ্ঞান, মনোবিজ্ঞান | |
| ২০/০৯/১৬ | সকাল ১০:০০টা থেকে ১:৩০টা পর্যন্ত | ইতিহাস, ইসলামিক স্টাডিজ, হিসাববিজ্ঞান, গণিত, মার্কেটিং | |
| ২১/০৯/১৬ | সকাল ১০:০০টা থেকে ১:৩০টা পর্যন্ত | দর্শন, সমাজবিজ্ঞান, পদার্থবিজ্ঞান, ভূগোল, রসায়ন | |
| ২২/০৯/১৬ | সকাল ১০:০০টা থেকে ১:৩০টা পর্যন্ত | রাষ্ট্রবিজ্ঞান, ফিন্যান্স, প্রাণিবিদ্যা,গার্হস্থ্য অর্থনীতি | |
| ২৪/০৯/১৬ | সকাল ১০:০০টা থেকে ১:৩০টা পর্যন্ত | ব্যবস্থাপনা, সমাজকর্ম, অর্থনীতি | |
| ২৫/০৯/১৬ | সকাল ১০:০০টা থেকে ১:৩০টা পর্যন্ত | সকল বিষয়, যারা নির্ধারিত সময়ে ফি জমা দিতে পারেনি | |

২) ফিসের বিবরণ : (নিয়মিত ছাত্রীদের জন্য ) ঃ

| ক্র: নং | বিষয় | নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের ফিসের পরিমাণ |
|---|---|---|
| | | |
| ০১ | বাং, ইং,ইতি,ই.ইতি,দর্শন,ই.শি,অর্থনীতি,সমাজবিজ্ঞান, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান,হিসাববিজ্ঞান,ব্যবস্থাপনা,মার্কেটিং,ফিন্যান্স, | ১৭০০/- |
| ০২ | গণিত | ২৩৭০/- |
| ০৩ | পদার্থ | ২৫০৫/- |
| ০৪ | রসায়ন | ২৩৮৫/- |
| ০৫ | প্রাণি ও উদ্ভিদবিজ্ঞান | ২৫৮০/- |
| ০৬ | গার্হস্থ্য অর্থনীতি | ২৭৮০/- |
| ০৭ | ভূগোল | বিজ্ঞান ২৭৮০/- |
| | | মানবিক ২৩০৫/- |
| ০৮ | মনোবিজ্ঞান | ২২৩০/- |

| মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফিসের পরিমাণ | |
|---|---|
| পত্র সংখ্যা | টাকার পরিমাণ |
| ১ পত্র | ৯০০/- |
| ২ পত্র | ১১০০/- |
| ৩ পত্র | ১৩০০/- |
| ৪ পত্র | ১৫০০/- |
| ৫ পত্র | ১৭০০/- |
| ৬ পত্র | ১৯০০/- |
| শুধুমাত্র ব্যবহারিক পরীক্ষার্থীর জন্য ১০৩০/- | |

**৩) অফিসে আবেদন ফরম, বিবরণী ও ফিসের তালিকা জমা দেওয়ার সময়সূচী : ২৬/০৯/২০১৬ ইং তারিখ বেলা ১:০০ টার এবং আবেদন ফরম, ২ সেট বিবরণী ও বিষয়ওয়ারী শিওর ক্যাশের টাকা জমার ১ সেট তালিকা রেজি:শাখায় জমা দিতে হবে।**

**৪) (ক) ছাত্রীদের করণীয় :** উল্লেখিত সময় সূচী অনুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট(www.nu.edu.bd/201) থেকে নিজ নিজ রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি(Hardcopy) নিয়ে নোটিশে উল্লেখিত নির্ধারিত ফিসের টাকা (যার জন্য যা প্রযোজ্য) শিওর ক্যাশ মোবাইল একাউন্ট/শিওর ক্যাশ এজেন্টের মাধ্যমে (**অনার্সের ক্ষেত্রে EDENH কোডটি ব্যবহার করে**) জমা দিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে স্ব স্ব বিভাগে জমা দিবে।

চলমান/২

৭) বিভাগের করণীয় :

(ক) গ্রহণকৃত আবেদন ফরমের রেজিষ্ট্রেশন নম্বর, বিষয় কোড, পত্র কোড, কলেজ কোড ইত্যাদি বিষয়ে নিশ্চিত হয়ে যাচাই করতঃ বিভাগীয় প্রধানের সীলসহ স্বাক্ষরের পর ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির ২ সেট বিবরণী, দাখিলা ফরম কলেজ অফিসে উল্লেখিত তারিখে দুপুর ১:০০টার মধ্যে জমা দিতে হবে।

(খ) বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইট www.nu.edu.bd/201 থেকে বিষয়ওয়ারী সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable list) প্রিন্ট করে নিতে হবে। সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্ত সম্ভাব্য তালিকায় (Probable list) নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে প্রয়োজনীয় কাগজপত্রসহ জাতীয় বিশ্ববিদ্যালয়ে সংশ্লিস্ট শাখা /কম্পিউটার ইউনিটে যোগাযোগ করে সম্ভাব্য তালিকায় নাম অর্ন্তভূক্ত করে ফরম পূরণ করতে পারবে।

৮) পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

**নিয়মিত ছাত্রীদের জন্য**

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্রী ২০১৬ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত রেগুলেশন অনুসারে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**অনিয়মিত ছাত্রীদের জন্য**

- (ক) ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে যে সকল ছাত্রী ২০১৫ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশ গ্রহন করেনি ঐ সকল শিক্ষার্থী পুন:ভর্তি হয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৬ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে "C " বা "D "গ্রেড কে উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্স পরীক্ষা দিতে হবে।
- সকল অনিয়মিত শিক্ষার্থীরা ২০১৬ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় Promoted হতে না পারলে বা পরীক্ষায় অনুপস্থিত থাকলে তার অনার্স কোর্স বাতিল হয়ে যাবে।

**গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

- ২০১৫ সালের অনার্স-১ম বর্ষে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে , ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্স সমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী ২০১৪ ও ২০১৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড রয়েছে তারা ২০১৬ সালের পরীক্ষায় "F" প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।
- সকল "F" গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিষ্ট্রেশনের মেয়াদে) অবশ্যই নূন্যতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। "F" গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন "B+" গ্রেড এর বেশী প্রাপ্য হবে না।
- ২০১৫ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত ০১টি পত্রে (N = Absent) ২০১৬ সালের পরীক্ষায় অবশ্যই অংশ গ্রহণ করতে হবে।
- ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীতকরনের কোন সুযোগ নাই।

৭) পাঠ্যসূচী ঃ সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর ৪ বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচী ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৮) প্রয়োজনীয় কাগজপত্র ঃ

(ক) আবেদন ফরমের সাথে রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।

(খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি (সত্যায়িত)-এর এক কপি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর সত্যায়িত করে বিতরণ করতে হবে।

(গ) অনিয়মিত/গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পূর্বের প্রবেশপত্র সংযুক্ত করতে হবে।

বিঃদ্রঃ ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের পত্র প্রাপ্তির মাধ্যমে স্ব স্ব বিভাগ থেকে জানা যাবে।

(প্রফেসর গায়ত্রী চ্যাটার্জী)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা

(প্রফেসর গায়ত্রী চ্যাটার্জী)
আইডি নং-৯৫৭
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।